

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৪৫.০০১.০৮.০১.০০১.২০১২- ২৬৩ ;

তারিখ: ০১/০৭/২০২০ খ্রি.

বিষয়: চলতি ২০১৯-২০২০ ইং অর্থ বছরে মঠবাড়িয়া উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় আহবানকৃত টেন্ডারে অনিয়ম ও দুর্নীতি এবং উপজেলা এডিপি'র অর্থ অব্যয়িত অবস্থায় ফেরত প্রদানের বিষয়ে তদন্ত।

সূত্র: মঠবাড়িয়া উপজেলার সাধারণ ঠিকাদারবৃন্দের পক্ষে মেসার্স এইচ এন এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত অভিযোগ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মঠবাড়িয়া উপজেলা পরিষদে চলতি ২০১৯-২০ অর্থ বছরে উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় আহবানকৃত ০২/২০১৯-২০২০ নং টেন্ডারে অনিয়ম ও দুর্নীতির জনৈক ঠিকাদার একটি অভিযোগ এ বিভাগে দাখিল। এছাড়া এ উপজেলা পরিষদে উপজেলা এডিপি'র মাত্র ৬% অর্থ খরচ করা হয়েছে এবং অবশিষ্ট অর্থ সর্মপন করা হয়েছে।

এমতাবস্থায়, চলতি ২০১৯-২০২০ ইং অর্থ বছরে মঠবাড়িয়া উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় আহবানকৃত টেন্ডারে অনিয়ম ও দুর্নীতির বিষয়ে আনীত অভিযোগ এবং উপজেলা এডিপি'র অর্থ অব্যয়িত অবস্থায় ফেরত প্রদানের বিষয়ে তদন্ত করে দায়ী ব্যক্তিদের চিহ্নিত করে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণিত অভিযোগ।

উপ পরিচালক  
স্থানীয় সরকার, পিরোজপুর।

  
(মোহাম্মদ জাহিরুল ইসলাম)  
উপসচিব  
ফোন : ৯৫৭৭২৩০  
e-mail : lgd.upazila2@gmail.com

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. জেলা প্রশাসক, পিরোজপুর।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মঠবাড়িয়া, পিরোজপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর।
৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ। পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।

বরাবর,

সিনিয়র সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
এলজি আর ডি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব ২) মহাপরিচালক ৩) যুগ্ম-সচিব ৪) যুগ্ম-প্রধান	১) প্রশাসন ২) উপজেলা অধিশাখা ৩) উন্নয়ন ৪) দপ্তর উন্নয়ন ৫) পাস ৬) আইন
ডায়েরি নম্বর.....	স্বাক্ষর

দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব,  
জনাব, মোঃ জহিরুল ইসলাম।

বিষয়ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় ২০১৯-২০২০ ইং অর্থ বছরের (R F Q) নং ০২/২০১৯-২০২০ এর টেন্ডারে অনিয়ম ও দুর্নীতি প্রসংগে।

জনাব,

যথা বিহিত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ মঠবাড়িয়া উপজেলার নিবন্ধনকৃত প্রথম শ্রেণির ঠিকাদার। গত ১৮/০৬/২০২০ ইং তারিখ নোটিশে সহি করলেও সিডিউল বিক্রি করেন ২১/০৬/২০২০ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকা হইতে ১২.০০ ঘটিকা পর্যন্ত। পরবর্তীতে গেট বন্ধ করিয়া দেয়। প্রতিটা সেটের ধার্য মূল্য ৪৮০০/= টাকা। থাকায় ৫৫০০/= টাকা নগদ নিয়ে সেট বিতরণ করেন। কিন্তু RFQ পদ্ধতিতে পিপিআর বিধি অনুযায়ী দরপত্র জামানত এবং কার্য সম্পাদন জামানত গ্রহন প্রয়োজন না থাকলেও অবৈধ ভাবে দরপত্র জামানত ও কার্যসম্পাদন জামানত গ্রহন করিয়া অন্যায় ভাবে অর্থ আত্মসাত এর চেষ্টা করিতেছে। যাহা উপজেলা চেয়ারম্যান এর নির্দেশক্রমে ও উপজেলা প্রকৌশলী প্রতারণা পূর্বক উক্তরূপ অন্যায় করিয়াছেন। অফিস কর্তৃপক্ষের যোগসাজশে এ ফরম বিক্রি করে এবং আমাদেরকে ৫% হিসাবে কমিশন দিয়ে ফরম পূরণ করতে বলেন এবং কিছু ঠিকাদারের কাগজ অফিসের লোকজন ফিলাপ করে দেয় তাহাতে ৫% কমিশন লিখে দেয়। অফিস কর্তৃপক্ষ RFQ পরবর্তীতে নোটিশ দিয়েছে সেখানে ৭ নং ক্রমিকে উল্লেখ আছে শুধুমাত্র মঠবাড়িয়া উপজেলাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের তালিকাভুক্ত ঠিকাদারগণ দরপত্র অংশগ্রহণ করতে পারবে। যাহা সম্পূর্ণ আইন বিরোধী। দি পাবলিক প্রসিকিউটর মেট রুলস ২০০৮ এ উল্লেখ আছে কোন দরপত্রের নোটিশে কমপক্ষে ১০ (দশ) দিন সময়ের কথা উল্লেখ থাকলেও মাত্র ০৩ (তিন) দিনের মধ্যে তারাহারা করে সমাপ্ত করে যাহা কতিপয় ঠিকাদারের স্বার্থ সিদ্ধির জন্য। RFQ পদ্ধতিতে ঠিকাদারদের সম্মুখে দরপত্র খোলার কথা অথচ অফিস কর্তৃপক্ষ গেট বন্ধ করে পছন্দমত ঠিকাদার বাছাই করে উপজেলা প্রকৌশল অফিস অর্থ আত্মসাতের জন্য। যাহা সম্পূর্ণ দরপত্র আইন বিরোধী। বর্তমানে উক্ত দরপত্র বাতিল অথবা LTM পদ্ধতিতে করার জন্য আমরা নিম্ন ঠিকাদারগণ জোর অনুরোধ করছি এবং তাহার সাথে সাথে দরপত্র জামানত অথবা দরপত্র সিডিউল ক্রয়ের সমস্ত টাকা ফেরত পেতে পারি ও উপজেলা চেয়ারম্যানের এ ধরনের আচরনের শাস্তিমূলক ব্যবস্থা প্রদানের জন্য জোর অনুরোধ জানাইতেছি।

অতএব, জনাবের নিকট আবেদন যাতে উক্ত RFQ পদ্ধতি বাতিল সহ পুনরায় দরপত্র আহবান করে উক্ত প্রতারণার তদন্ত পূর্বক দরপত্র জামানতের সকল টাকা ফেরত পেতে পারি ও উপজেলা চেয়ারম্যানের যথাযোগ্য শাস্তি পেতে পারে তাহার বিহিত বিধান করিতে আপনার মর্জি হয়।

অণুলিপিঃ

- ১। মাণনীয় সংসদ সদস্য পিরোজপুর-৩
- ২। জেলা প্রশাসক, পিরোজপুর।
- ৩। বিভাগীয় প্রকৌশলী এলজিইডি, বরিশাল।
- ৪। নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর।

বিনীত নিবেদক

মঠবাড়িয়ার সাধারণ ঠিকাদারবৃন্দের পক্ষে  
মেসার্স এইচ এন এন্টারপ্রাইজ

০১৭১৯৭৬৫৪৯৫